

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ১৫৩

৪. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২) পানি, গোসলের স্থান ও গর্তে পেশাব করার ব্যাপারে ভীতি প্রদর্শন

الترهيب من البول في الماء والمغتسل والجحر

আরবী

(صحيح) وَعَنْ بكر بن ماعز قال سمِعْتُ عبد الله بن يزيد يحدث عَنْ النَّبِيِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: لا ينقع بول في طست في البيت فإنَّ الْمَلائِكَةَ لا تَدْخُلُ بَيْتًا فِيهِ بَوْل مُنْتَقَع ولا تَبُولَنَّ في مغتسلك. رواه الطبراني والحاكم وقال صحيح الإسناد

বাংলা

১৫৩. (সহীহ্) বাকর্ ইবনে মায়েয বলেন, আমি শুনেছি আবদুল্লাহ্ বিন ইয়াযিদ (রাঃ) নবী (সাল্লাল্লাল্ আলাইহি ওয়া সাল্লাম) থেকে হাদীছ বর্ণনা করেন। তিনি বলেনঃ

''ঘরের মধ্যে কোন পাত্রে পেশাব জমা রাখা উচিৎ নয়। কেননা যে ঘরে পেশাব জমা থাকে সে ঘরে (রহমতের) ফেরেশতা প্রবেশ করে না। আর তোমার গোসলখানায় কখনই পেশাব করবে না।''

(হাদীছটি বর্ণনা করেছেন ত্বাবরানী ও হাকেম। হাকেম বলেন হাদীছটির সনদ সহীহ[1])

ফুটনোট

[1] . শায়খ আলবানী বলেন, বিভিন্ন নুসখা অনুসন্ধান করে আমি হাদীছটি হাকেমের মুস্তাদরাক গ্রন্থে পাইনি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন ইয়াযীদ খাতমী আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন